শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০২.০০৮.২২. ২৬৬০

তারিখঃ ১৩ ভাদ্র, ১৪২৯ / ২৮ আগস্ট, ২০২২

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ লাইন টেকনিশিয়ান এর শূন্য পদ পূরণের নিমিত্ত পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত লাইনক্রুগণের মধ্যে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | ০৪ টি (কম/বেশি হতে পারে) | (ক) এসএসসি অথবা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পরীক্ষায় উত্তীর্ণসহ লাইনম্যান গ্রেড-১ পদে ০৩ (তিন) বছরের (লাইনক্রু হিসেবে ন্যূনতম ১০ বছরের) বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট বা বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের ন্যূনতম বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ হতে হবে। |

**শর্তাবলীঃ-**

০১। আবেদন করার নিয়মাবলীঃ

আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদন পত্রসহ আগামী ১২/০৯/২০২২খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের অনুলিপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের অনুলিপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি।
(ঙ) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(চ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি।
(ছ) জাতীয় পরিচয়পত্র/ ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের অনুলিপি।
(জ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়ন পত্র।
(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(ঞ) সকল কাগজপত্র এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

(ক) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) বিগত ০১ (এক) বছরের মধ্যে কোন লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোনো কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ চট্টগ্রাম জেলার সীতাকুন্ড, মীরসরাই ও হাটহাজারী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। কোনো প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য লাইন টেকনিশিয়ান (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৮। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ লাইনম্যান গ্রেড-১ এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৯। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১০। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১১। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ</u>- **(সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণর অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................... পবিস-১/২/৩/৪।
০৮। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/বারৈয়ারহাট/হাটহাজারী/মীরসরাই জোনাল অফিস।
০৯। এজিএম (ওএন্ডএম), বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর সাব-জোনাল অফিস।
১০। এজিএম(প্রশাসন/আইটি/অর্থ/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম)।
১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs3.chittagong.gov.bd), চট্টগ্রাম পবিস-৩।
১২। অফিস নথি/মাস্টার নথি।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার